রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ০৬ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৯, ২০২৩**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১০১—১১৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৩—১২৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭—৩৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৯—১১২ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭—৮ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**আদেশ**

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৯/০৬ ডিসেম্বর ২০২২

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৪২.২২-৩৯৭**—যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান সোহাগ হাওলাদার, উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাঙ্গাবালী, পটুয়াখালী-তিনি দুমকী উপজেলা, পটুয়াখালী/উজিরপুর উপজেলা, বরিশাল/বানীরাপাড়া উপজেলা, বরিশাল/বাবুগঞ্জ উপজেলা, বরিশাল/বাকেরগঞ্জ উপজেলা, বরিশাল এসব উপজেলার মধ্যে যে কোনো একটি উপজেলায় বদলির জন্য আবেদন করেন। তার উক্ত আবেদনে রাজনৈতিক ব্যক্তিত্ব একজন মাননীয় মন্ত্রী ও জাতীয় সংসদের একজন মাননীয় সংসদ সদস্য সুপারিশ করেছেন। উক্তরূপ কর্মকান্ড শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর নিমিত্ত তারিখ : ০৬ অক্টোবর ২০২২ এর ইউ. ও নোট নং-১৭.০০.০০০০.০১৫.৫৫.০৫৪.২০-৫৪৬ মূলে সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-১ কর্তৃক শৃঙ্খলা শাখাকে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২০ ও বিধি ৩২ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ এনে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১৬/২০২২ রুজু করা হয়;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হলে তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। অদ্য ২৯-১১-২০২২ তারিখে তিনি ব্যক্তিগত শুনানি প্রদানের নিমিত্ত হাজিরা দাখিল করেন এবং তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তিনি ব্যক্তিগত শুনানিকালে জানান যে, তিনি একজন নবীন কর্মকর্তা। চাকরির বিধি বিধান সম্পর্কে তার সম্যক ধারণা নেই। এ কারণে তার দ্বারা অনাকাঙ্ক্ষিত এ ভুল সংঘটিত হয়েছে। তার দ্বারা এহেন কার্যক্রম সংঘটিত হওয়ায় তিনি ক্ষমা প্রার্থনা করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার মৌখিক বক্তব্য ও দাখিলকৃত জবাব এবং তৎসংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনায় দেখা যায় যে, তিনি একজন নবীন কর্মকর্তা। চাকরির বিধি বিধান সম্পর্কে তার সম্যক ধারণা না থাকা, তার চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্য কোনো উল্লেখযোগ্য

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

প্রশিক্ষণ না পাওয়ায় তিনি রাঙ্গাবালী উপজেলার মত একটি নতুন ও নদী বিধৌত উপজেলা হতে অন্যত্র বদলীর জন্য সুপারিশ করানোর প্রচেষ্টা গ্রহণ করেন। তাই তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলেও যেহেতু তিনি একজন নবীন কর্মকর্তা তাই নিয়োগকারী কর্তৃপক্ষ তার প্রতি নমনীয় মনোভাব পোষণ করতঃ তাকে সর্বনিম্ন লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করছে;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ মনিরুজ্জামান সোহাগ হাওলাদার, উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাঙ্গাবালী, পটুয়াখালী এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগের প্রেক্ষিতে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ক) অনুযায়ী তাকে লঘুদন্ডাদেশ "তিরস্কার" প্রদান করা হল। একই সাথে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হল।

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ, ১৪২৯/০৬ ডিসেম্বর, ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-৩৯৫**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ধারা ৯ (১) (ঙ) অনুযায়ী 'সরকার কর্তৃক মনোনীত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের একজন অধ্যাপক' ক্যাটাগরিতে জনাব আব্দুল্লাহ আল মাহমুদ, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে সাধারণ বীমা কর্পোরেশন-এর পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। সাধারণ বীমা কর্পোরেশন-এর পরিচালনা বোর্ডে জনাব আব্দুল্লাহ আল মাহমুদ-এর পরিচালক হিসেবে যোগদানের তারিখ আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/২২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০২.২০-৪০৬**—রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নীতি-নির্দেশনা প্রণয়ন এবং ব্যবসায়িক কার্যক্রম তত্ত্বাবধান সূচারুরূপে সম্পন্নকরণে তথা ব্যাংক ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ও প্রমাণিত দক্ষতা সম্পন্ন ব্যক্তিবর্গের সমন্বয়ে পরিচালনা পর্ষদ গঠন এবং পরিচালনা পর্ষদকে অধিকতর কার্যকরী, দক্ষ ও পেশাভিত্তিক করার লক্ষ্যে এ সকল প্রতিষ্ঠানে চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হল :

১. **নীতিমালার প্রয়োগ** : রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং সরকারের শেয়ার রয়েছে এমন বেসরকারি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ, আদেশ বা বিধিতে চেয়ারম্যান/পরিচালক নিয়োগের নির্দিষ্টকৃত বিধানের ব্যত্যয় না ঘটিয়ে এ নীতিমালা প্রয়োগযোগ্য হবে।

২. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে অনুসরণীয় বিষয়াবলী :**

ক. পরিচালনা পর্ষদে অর্থনীতি, ব্যাংকিং, আর্থিক বাজার, মুদ্রানীতি ও আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসায় শিক্ষা, ব্যবসায় প্রশাসন, কৃষি, শিল্প, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে জ্ঞান সম্পন্ন এবং সরকারের বিবেচনায় অভিজ্ঞ ও প্রমাণিত দক্ষতা সম্পন্ন পেশাজীবী নিয়োগ নিশ্চিতকরণ;

খ. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের হিসাব ও নিরীক্ষা এবং আইনী বিষয়াদি দক্ষ ও সুষ্ঠুভাবে নিস্পন্নের লক্ষ্যে পর্ষদে কমপক্ষে একজন চার্টার্ড একাউন্টেন্ট (সিএ), একজন আইন বিষয়ে অভিজ্ঞ (অবসরপ্রাপ্ত জেলা জজ/ডেপুটি অ্যাটর্নি জেনারেল) এবং একজন ব্যাংকার নিয়োগকরণ;

গ. পরিচালনা পর্ষদে পরিচালক নিয়োগে এক তৃতীয়াংশ নারী প্রতিনিধিত্বের বিষয়ে অগ্রাধিকার প্রদান;

ঘ. চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে নিম্নরূপ একটি বাছাই কমিটি থাকবে :

| | | |
|---|---|---|
| ১. | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| ৩. | যুগ্মসচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৪. | নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৫. | উপসচিব (কেন্দ্রীয় ব্যাংক), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

ঙ. মন্ত্রণালয়/বিভাগ-এর প্রতিনিধি নয় এমন ব্যক্তি ২ এর ক. উপ-অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি পরিপালন সাপেক্ষে সরকার কর্তৃক নিযুক্ত হবেন।

চ. ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর কোনোরূপ ব্যত্যয় না ঘটিয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংঘ স্মারক বা সংঘ বিধি অনুযায়ী পরিচালনা পর্ষদে পরিচালক সংখ্যা নির্ধারিত হবে;

ছ. আপাততঃ বলবৎ কোনো আইন/অধ্যাদেশ/আদেশ/ বিধি দ্বারা ভিন্নরূপ নির্দিষ্টকৃত না থাকলে কর্মরত কোনো সচিব বা সমগ্রেডভুক্ত কোনো কর্মকর্তা চেয়ারম্যান/পরিচালক পদে নিয়োগের জন্য বিবেচিত হবেন না;

জ. প্রযোজ্য ক্ষেত্রে পর্ষদে স্বতন্ত্র পরিচালক (Independent Director) নিয়োগপ্রাপ্ত হবেন। সে ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর অনুমোদন গ্রহণ করতে হবে।

**ব্যাখ্যা** : "স্বতন্ত্র পরিচালক" বলতে এরূপ ব্যক্তিকে বুঝাবে যিনি ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা এবং শেয়ারধারক হতে স্বাধীন এবং যিনি কেবলমাত্র ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের স্বার্থে স্বীয় মতামত প্রদান করবেন এবং ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক-সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সাথে যার কোনো প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নেই।

৩. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ও উপযুক্ততা :** কোনো ব্যক্তি চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হওয়ার যোগ্য হবেন না, যদি—

ক. তিনি বাংলাদেশের নাগরিক না হন অথবা অন্য দেশের নাগরিকত্ব গ্রহণ করেন বা অন্য কোনো রাষ্ট্রের প্রতি আনুগত্য পোষণ করেন;

খ. তার ন্যূনতম ১০ (দশ) বছরের প্রশাসনিক বা ব্যবস্থাপনা বা পেশাগত অভিজ্ঞতা না থাকে;

গ. তিনি ফৌজদারী অপরাধ কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্য কোনো অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন বা থাকেন;

ঘ. তার সম্পর্কে কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য থাকে;

ঙ. তিনি আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ামক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লংঘনজনিত কারণে দন্ডিত হন;

চ. তিনি নিজের বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের কারণে খেলাপী হিসেবে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি)' তে তালিকাভুক্ত হন;

ছ. তার নিজের বা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ কর পরিশোধের প্রমাণাদি দাখিলে ব্যর্থ হন;

জ. তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হন;

ঝ. তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন অথবা দেউলিয়া ঘোষিত হওয়ার দায় হতে অব্যাহতি লাভ না করে থাকেন; এবং

ঞ. তিনি অন্য কোনো উপযুক্ত কারণে সরকার কর্তৃক যোগ্য হিসেবে বিবেচিত না হন।

৪. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে বাধা-নিষেধ :** সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের সংঘ স্মারক বা সংঘ বিধিতে যা কিছুই থাকুক না কেন,—

ক. কোনো ব্যক্তি কোনো ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠান বা বীমা প্রতিষ্ঠানের পরিচালক হলে একই সময়ে তিনি অন্য কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালক হিসেবে নিযুক্ত হতে পারবেন না;

খ. ব্যাংক-কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানে এমন কোনো চেয়ারম্যান/পরিচালক থাকবেন না, যিনি—

(অ) উক্ত ব্যাংক-কোম্পানীর বা আর্থিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক, বহিঃহিসাব নিরীক্ষক, আইন উপদেষ্টা, উপদেষ্টা, পরামর্শক, বেতনভুক্ত কর্মচারী বা অন্য কোনো পদের দায়িত্বে নিয়োজিত রয়েছেন কিংবা বিগত পাঁচ বছরের মধ্যে নিয়োজিত ছিলেন;

(আ) অন্য কোনো ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের উপদেষ্টা বা পরামর্শক হিসেবে রয়েছেন;

(ই) এমন কতিপয় কোম্পানীর পরিচালক যে কোম্পানীগুলো একত্রে উক্ত ব্যাংক-কোম্পানী বা আর্থিক প্রতিষ্ঠানের শেয়ার-হোল্ডারদের মোট শেয়ারের বিপরীতে মোট ভোটের ২০ শতাংশের অধিক ভোট প্রদানের অধিকারী।

৫. **পরিচালক/চেয়ারম্যান নিয়োগে প্রয়োজনীয় তথ্যাবলী ও ঘোষণাপত্র :**

ক. চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্তির পূর্বে সরকারের অনুমোদন গ্রহণের জন্য গঠিত বাছাই কমিটির সুপারিশের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির নিম্নোক্ত তথ্যাবলি সংযুক্ত করতে হবে :

(অ) ফরম-ক অনুযায়ী তথ্যাবলি;

(আ) ফরম-খ অনুযায়ী ঘোষণাপত্র;

(ই) ফরম-গ অনুযায়ী গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র;

(ঈ) স্বতন্ত্র পরিচালক-এর ক্ষেত্রে ফরম-ক ও ফরম-ঘ অনুযায়ী তার স্বার্থ সংশ্লিষ্টতার বিষয়ে ঘোষণাপত্র;

(উ) স্বতন্ত্র পরিচালক হিসেবে মনোনীত প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনাপত্তিপত্র;

(ঊ) সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থা থেকে প্রাপ্ত মতামত;

(এ) শারীরিক ও মানসিক স্বাস্থ্য বিষয়ক সনদ; এবং

(ঐ) প্রযোজ্য ক্ষেত্রে গোয়েন্দা সংস্থার প্রতিবেদন।

খ. প্রস্তাবিত চেয়ারম্যান/পরিচালক বাছাই কমিটির নিকট সংযুক্ত ফরমে এ মর্মে ঘোষণাপত্র প্রদান করবেন যে, তিনি এ প্রজ্ঞাপনের ৩ অনুচ্ছেদে বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা অনুসারে চেয়ারম্যান/পরিচালক পদে নিযুক্ত হওয়ার অনুপযুক্ত নন।

গ. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক এবং বেসরকারি ব্যাংকের চেয়ারম্যান/পরিচালক নিযুক্তির ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক এর অনাপত্তি গ্রহণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে।

৬. **চেয়ারম্যান/পরিচালক নিয়োগে অনুসরণীয় পদ্ধতি :**

ক. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান/পরিচালক পদে কোনো ব্যক্তিকে নিয়োগের পূর্বে উক্ত ব্যক্তির কোনো অযোগ্যতা রয়েছে কিনা সে বিষয়ে সরকার সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার মতামত গ্রহণ করবে এবং প্রাপ্ত মতামতের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

খ. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানে চেয়ারম্যান নিয়োগ/পুন:নিয়োগের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর এবং পরিচালক নিয়োগ/পুন:নিয়োগের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে।

৭. সরকার কর্তৃক নিযুক্ত পরিচালক/চেয়ারম্যানগণের মেয়াদঃ

ক. রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক পদের মেয়াদ হবে অনধিক তিন বৎসর। এছাড়া, কোনো পরিচালক একাদিক্রমে তিন মেয়াদের অধিক উক্ত পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না। তিন মেয়াদ শেষ হওয়ার তারিখ হতে পরবর্তী তিন বৎসর অতিবাহিত হওয়ার পর তিনি পরিচালক পদে পুনঃনির্বাচিত হওয়ার যোগ্য হবেন।

খ. পদাধিকারবলে কিংবা কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান/পরিচালক পদে যিনি নিযুক্ত হয়েছেন সে পদ হতে বদলী, অব্যাহতি বা অবসরের সাথে সাথে সংশ্লিষ্ট ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানে তাঁর চেয়ারম্যান/পরিচালক পদটি স্বয়ংক্রিয়ভাবে শূন্য হবে।

৮. ইতঃপূর্বে চেয়ারম্যান/পরিচালক নিয়োগ সংক্রান্ত জারিকৃত কোনো নীতিমালার সাথে এ নীতিমালা সাংঘর্ষিক হলে এ প্রজ্ঞাপনে বর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে।

৯. এ নীতিমালা জারির পূর্বে নিযুক্ত চেয়ারম্যান/পরিচালকগণ অবশিষ্ট মেয়াদে এমনভাবে দায়িত্ব পালন করবেন যেন তাঁরা এ নীতিমালার আওতায় নিযুক্ত হয়েছেন।

১০. জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুখসানা হাসিন**
যুগ্মসচিব।

---

**পরিশিষ্ট-ক**

**পরিচালক পদে নিয়ুক্তির জন্য মনোনীত ব্যক্তি সম্পর্কীয় তথ্যাবলি।**

১। নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। জাতীয়তা :

৫। (ক) জন্ম তারিখ : (খ) জন্ম স্থান :

৬। পূর্ণ ঠিকানা : (ক) স্থায়ী ঠিকানা (টেলিফোন নম্বরসহ) : (খ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বরসহ) :

৭। জাতীয় পরিচয়পত্র নম্বর : ৮। টিআইএন :

৯। বৈবাহিক অবস্থা : (ক) বিবাহিত হলে স্বামী/স্ত্রীর নাম :

(খ) স্বামী/স্ত্রীর পেশা : (গ) স্বামী/স্ত্রীর জাতীয়তা :

১০। নিকট আত্মীয় (বাবা-মা, ভাই-বোন, সন্তান এবং নির্ভরশীল) :

| নাম | সম্পর্ক | জন্ম তারিখ | কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হলে তার নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| | | | |
| | | | |

১১। শিক্ষাগত যোগ্যতা : (ক) প্রাতিষ্ঠানিক শিক্ষা : (খ) পেশাগত/কারিগরি শিক্ষা :

(গ) ট্রেনিং/সেমিনার :

১২। বর্তমান পেশার বিবরণ :

(ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : (খ) ব্যবসায়ের প্রকৃতি :

(গ) পদবি : (ঘ) ফোন নম্বর :

১৩। অভিজ্ঞতার বর্ণনা [অন্যূন ১০ (দশ) বছর] :

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | যোগদানের তারিখ | পদবি | দায়-দায়িত্ব |
|---|---|---|---|
| | | | |
| | | | |

১৪। ১০% বা ততোধিক শেয়ারধারণকারী অথবা পরিচালক হিসাবে নিযুক্ত প্রতিষ্ঠানের বিবরণ :

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক (পরিচালক/শেয়ারহোল্ডার) | প্রতিষ্ঠানের প্রকৃতি (পাবলিক লিঃ/প্রাইভেট লিঃ) | ব্যবসায়ের প্রকৃতি | শেয়ার ধারণের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

১৫। পরিচালক হিসেবে প্রথম নিয়োগের তারিখ :

১৬। পরিচালক হিসেবে পুনঃনিয়োগের তারিখ :

১৭। বিরতিকাল (ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫কক (২) অনুযায়ী) :

১৮। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/অন্যান্য কোনো উৎস হইতে কোনো ঋণ সুবিধা নেয়া হয়েছে কি না? নেয়া হলে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম ও ঋণের পরিমাণ (সুদ ও আসলসহ) :

স্বাক্ষর :
তারিখ ও নাম :

**পরিশিষ্ট-খ**

## ঘোষণাপত্র

১) আমি এতদ্বারা ঘোষণা করছি যে-ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৫ ধারার উপ-ধারা (৬) এ বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর অন্যান্য বিধানাবলি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৭ অক্টোবর, ২০১৩ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ১১ এর বিধান অনুযায়ী আমি ব্যাংক-কোম্পানির পরিচালক হিসেবে নিযুক্ত হওয়ার যোগ্য। আমি আরও ঘোষণা করছি যে—

ক) আমার অন্যূন ১০ (দশ) বৎসরের ব্যবস্থাপনা বা ব্যবসায়িক বা পেশাগত অভিজ্ঞতা রয়েছে;

খ) আমি কোনো আদালত কর্তৃক ফৌজদারি অপরাধে দণ্ডিত হইনি কিংবা কোনো জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকাণ্ডের সাথে জড়িত ছিলাম না বা জড়িত নই;

গ) কোনো দেওয়ানী বা ফৌজদারি মামলায় আমার সম্পর্কে আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ/মন্তব্য নেই;

ঘ) আমি কখনো আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ামক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লংঘনজনিত কারণে দণ্ডিত হইনি;

ঙ) আমি এমন কোনো কোম্পানি/প্রতিষ্ঠানের সাথে যুক্ত ছিলাম না, যার নিবন্ধন/লাইসেন্স বাতিল করা হয়েছে;

চ) আমার নিজের কিংবা স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে কোনো খেলাপী ঋণ নেই;

ছ) আমি কখনো কোনো আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইনি;

জ) আমি অন্য কোনো ব্যাংক-কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক নই;

ঝ) আমাকে কখনো কোনো কোম্পানি বিশেষত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী, চেয়ারম্যান বা পরিচালক পদ হতে অপসারণ করা হয়নি;

ঞ) আমি ব্যক্তিগতভাবে অথবা ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান অথবা অংশীদারী প্রতিষ্ঠানের জন্য কর খেলাপী নই।

২) কোম্পানী আইন, ১৯৯৪ এর ৯৩ ধারা অনুযায়ী আমি এ মর্মে ঘোষণা করছি যে, আমাকে .......................... ব্যাংক লিমিটেড-এর পরিচালক হিসেবে নিয়োগ করা হলে আমি এ দায়িত্ব পালনে সম্মত আছি।

স্বাক্ষর :
তারিখ ও নাম :

সাক্ষী :

১)

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

২)

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

**পরিশিষ্ট-গ**

**গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র**

আমি নিম্ন স্বাক্ষরকারী এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, ............................. ব্যাংক লিমিটেড-এর পরিচালক হিসেবে নিযুক্ত হলে, পরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে আমার বিবেচনার্থে উপস্থাপিত কোনো বিষয় অথবা পরিচালক হিসেবে আমার গোচরীভূত কোনো বিষয় প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তির নিকট প্রকাশ করবো না। তবে, আমার দায়িত্ব পালনের জন্য আবশ্যক হলে অথবা প্রচলিত আইনের বিধান অনুযায়ী বাধ্য হলে অথবা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলেই কেবলমাত্র তা প্রকাশ করবো।

স্বাক্ষর :
তারিখ ও নাম :

সাক্ষী :

১)

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

২)

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

**পরিশিষ্ট-ঘ**

**স্বতন্ত্র পরিচালক হিসেবে মনোনীত প্রার্থীর ঘোষণাপত্র**

নিম্ন স্বাক্ষরকারী ঘোষণা করছি যে, আমি ............................. ব্যাংক লিমিটেড-এর ব্যবস্থাপনার সাথে যুক্ত নই এবং উক্ত ব্যাংকের কোনো শেয়ার ধারণ করি না। আরও ঘোষণা করছি যে, আমার উক্ত ব্যাংকের সাথে কিংবা ব্যাংক-সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সাথে অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কোনো প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নেই বা থাকবে না।

স্বাক্ষর :
তারিখ ও নাম :

সাক্ষী :

১)

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

২)

স্বাক্ষর :

নাম :

ঠিকানা :

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ পৌষ ১৪২৯/২৬ ডিসেম্বর ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১০.১৭.২৯৬**—আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫-এর ৯(১)(৪) ধারা অনুযায়ী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-এর পরিচালনা বোর্ডে জনাব মোঃ মানজুরুল আলম-কে তাঁর বর্তমান মেয়াদ সমাপনান্তে উক্ত ব্যাংক এর পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে তাঁর পুনঃযোগদানের তারিখ থেকে ২ (দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-এর পরিচালনা বোর্ডে জনাব মোঃ মানজুরুল আলম-এর পরিচালক হিসেবে যোগদানের তারিখ আবশ্যিকভাবে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদা ইয়াসমিন**
উপসচিব (চলতি দায়িত্ব)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৭.৯৪-৩০৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মিজানুর রহমান, জন্ম তারিখ : ০১-০১-১৯৯৩ খ্রি., পিতা: মনোয়ার আলী, মাতা: হাফিজা বেগম, গ্রাম: মুকুন্দবাড়ি, ওয়ার্ড নং-০১, ডাকঘর: আদারভিটা, উপজেলা: মাদারগঞ্জ, জেলা: জামালপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার ০৬ নং আদারভিটা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ পৌষ ১৪২৯/১৯ ডিসেম্বর ২০২২

নং **২৬.০০.০০০০.০৮৮.২৭.০০২.২১-১৭২**—যেহেতু, জনাব মোঃ মাসুদুল মান্নান, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (সাবেক নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর) বিগত ১৫-১৬ মে ২০২২ তারিখে তার ব্যক্তিগত ফেইসবুক আইডি হতে জনাব মোহাম্মদ আওলাদ হোসেন, উপসচিব (সদ্য নিয়োগপ্রাপ্ত), (সাবেক নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা) ও তার পরিবারকে অকথ্য ভাষায় গালমন্দ, মিথ্যাচার ও মানহানিকর বক্তব্য দিয়ে বেশ কয়েকটি পোস্ট পাবলিশ করেন এবং পোস্টগুলো যাতে জনাব মোহাম্মদ আওলাদ হোসেন এর ফেইসবুকের ফ্রেন্ড লিস্টের সবাই দেখতে পারে সেজন্য উদ্দেশ্য প্রণোদিতভাবে তার ফেইসবুক পেইজে দৃশ্যমান করার জন্য তাকে ট্যাগ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে ০৮ জুন ২০২২ তারিখের রুজুকৃত বিভাগীয় মামলায় ২৬.০০.০০০০.০৮৮.২৭.০০২.২১-১১০ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তার নিকট হতে প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং বিভাগীয় মামলার জবাবে ব্যক্তিগত শুনানি চান না মর্মে উল্লেখ করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক ২২ নভেম্বর ২০২২ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মাসুদুল মান্নান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করায় ২৯ নভেম্বর ২০২২ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশও প্রদান করা হয়। ২য় কারণ দর্শানো জবাবও জন্তোষজনক প্রতীয়মান হয়নি।

সেহেতু, জনাব মোঃ মাসুদুল মান্নান, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (সাবেক নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় পর্যালোচনায় তাকে বর্ণিত বিধিমালার ৪ (২) (খ) বিধি অনুসারে "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার দণ্ড" প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তপন কান্তি ঘোষ**
সিনিয়র সচিব।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/৩০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০০৯.১৬.৯৩**—যেহেতু, জনাব মোঃ সাজ্জাদ হোসেন মজুমদার, প্রভাষক (হিসাববিজ্ঞান), চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ সালের ৯(১)/৩০ এর ধারায় চাঁদপুর মডেল থানার মামলা নং-১০ এ গ্রেফতার হওয়ায় তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলায় তাকে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, জনাব মোঃ সাজ্জাদ হোসেন মজুমদার, প্রভাষক (হিসাববিজ্ঞান), চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর-কে সরকারি চাকরি আইন-২০১৮ এর ৩৯(৩) ধারা অনুযায়ী সামরিক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব।

---

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ বৈশাখ ১৪২৯/২০ এপ্রিল ২০২২

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৩২.০৮.২০১৭-১৮২**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩১ (১) অনুযায়ী প্রফেসর ডঃ এইচ এম জহিরুল হক, ডিপার্টমেন্ট অব কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-কে উক্ত ইউনিভার্সিটি'র ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**
উপসচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**ডাক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৯/১৩ ডিসেম্বর ২০২২

নং **১৪.০০.০০০০.০০৬.২৭.০০৪.২২.১৯২**—জনাব মোঃ আজাদুল ইসলাম, প্রাক্তন সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা জিপিও বর্তমানে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, রংপুর বিভাগ, রংপুর এর বিরুদ্ধে দায়েরকৃত বিশেষ জজ আদালত-০৮, ঢাকা বিশেষ মামলা নং-০২/১৯ এর রায়, আদেশ নং-৫৯ গত ২৮-০৯-২০২২ খ্রিস্টাব্দ তারিখে ঘোষিত হয়েছে। আপনাকে বিজ্ঞ বিশেষ জজ আদালত-০৮ এর দুটি রায়ে ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারার বিধান মোতাবেক ০৫ (পাঁচ) বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড এবং দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারার বিধান মোতাবেক ১০ (দশ) বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়েছে।

০২। এতদ্‌প্রেক্ষিতে সরকারি চাকরি আইন ২০১৮ এর ধারা ৪২(১) অনুযায়ী জনাব মোঃ আজাদুল ইসলাম, প্রাক্তন সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা জিপিও বর্তমানে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, রংপুর বিভাগ, রংপুরকে ঘোষিত রায়ের তারিখ অর্থাৎ ২৮-০৯-২০২২ খ্রিস্টাব্দ তারিখ হতে সরকারি চাকরি থেকে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**

**পরিকল্পনা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৯ ব./০৭ ডিসেম্বর ২০২২ খ্রি.

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০১৩.১৭ (খণ্ড-৩)-২৪১**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নাধীন 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ'-শীর্ষক প্রকল্পের আওতায় ১০টি গুদামের জন্য জমির প্রাপ্যতা নিশ্চিতকরণের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নরূপ টাস্কফোর্স পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১। যুগ্মসচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। উপসচিব, বিসিআইসি অধিশাখা, শিল্প মন্ত্রণালয়

৩। পরিচালক (পরিকল্পনা), বিসিআইসি

৪। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

৫। প্রকল্প পরিচালক, 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ'-শীর্ষক প্রকল্প

**কার্যপরিধি :**

- কমিটি যে ১০টি স্থানে গুদামের জন্য জমি এখনও পাওয়া যায়নি সে সকল স্থানসমূহ পুনঃযাচাইপূর্বক প্রয়োজনের নিরিখে স্থান নির্বাচন করে দ্রুত জমির প্রাপ্যতার বিষয়টি নিশ্চিত করবে;

- ১০টি গুদামের জন্য জমির প্রাপ্যতার বিষয়টি আগামী ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তি করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে; এবং
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাফ্ফারা তাসনীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১.৩৬২**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যায় যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে,এল, নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | সোন্দাবাড়ী | ৭৬ | ১৪৬৯ | গাবতলী | বগুড়া |
| ২ | ক্ষিদ্রপেড়ী | ৮১ | ১০৫৫ | গাবতলী | বগুড়া |
| ৩ | বাঘোহালি | ২১ | ৮২০ | কাহালু | বগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
যুগ্মসচিব (জরিপ)।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৯/০৫ ডিসেম্বর ২০২২

নং **৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৭.২২.১৬২৯**—ছেংগারচর পৌর পরিষদের মেয়াদ উত্তীর্ণের পর নির্বাচন অনুষ্ঠিত না হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪২ এর সংশোধনক্রমে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২২ এর ধারা ৯ অনুযায়ী চাঁদপুর জেলার ছেংগারচর পৌরসভা পরিচালনা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের জন্য সরকার উক্ত পৌরসভায় নিম্নোক্তভাবে প্রশাসক নিয়োগ করিল :

| জেলার নাম | পৌরসভার নাম ও শ্রেণি | নিয়োগকৃত প্রশাসক-এর পদবি ও ঠিকানা |
|---|---|---|
| চাঁদপুর | ছেংগারচর 'ক' শ্রেণি | সহকারী কমিশনার (ভূমি), মতলব (উত্তর), চাঁদপুর |

০২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব ও কর্মকাণ্ড পালন করিবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৯/০৫ ডিসেম্বর ২০২২

নং **২৩.০০.০০০০.০১০.৬২.০০৯.২০.৩৪০**—বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত নিম্নবর্ণিত ছকের চতুর্থ কলামে বর্ণিত ২২ (বাইশ) জন মাস্টার ওয়ারেন্ট অফিসারকে ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ থেকে বাংলাদেশ সেনাবাহিনীর অনারারি লেফটেন্যান্ট পদে পদোন্নতি প্রদানপূর্বক অনারারি কমিশন প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | পদবি | নাম | কোর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিজেও-১০৬৮৬ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (করণিক) | আবুল খায়ের মোহাঃ আজাহার হোসেন | আর্মার্ড |
| ২. | বিজেও-১৩৩৬০ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (গানার) | মোঃ আঃ হামিদ | আর্টিলারি |
| ৩. | বিজেও-১৫৩৫৭ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (ওবিএম) | মোঃ এমদাদ আলী সিকদার | ইঞ্জিনিয়ার্স |
| ৪. | বিজেও-১৫৪৫৭ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (টিএস) | মোঃ আব্দুস সবুর | ইঞ্জিনিয়ার্স |
| ৫. | বিজেও-১৫৫৮৮ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (ওইপি) | মোঃ এমদাদুল হক | ইঞ্জিনিয়ার্স |
| ৬. | বিজেও-১৭১১১ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (এফঅবএস) | মোঃ আব্দুল হাই | সিগন্যালস্ |
| ৭. | বিজেও-৪৩৮০৩ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | মোঃ গোলাম মোস্তফা ডাক | ই বেংগল |
| ৮. | বিজেও-৪৩৯৪৫ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | শেখ আজিজুর রহমান | ই বেংগল |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯. | বিজেও-৪৩৭৩৮ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | মোঃ মাহফুজুর রহমান | ই বেংগল |
| ১০. | বিজেও-৪৪৩০৪ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | মোঃ রেজাউন নবী | ই বেংগল |
| ১১. | বিজেও-৪৪২১৫ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (করণিক) | ফরিদ আহম্মেদ | ই বেংগল |
| ১২. | বিজেও-৪৪৫৪৩ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (ব্রাস ব্যান্ড) | মোহাম্মদ মজিবুর রহমান | ই বেংগল |
| ১৩. | বিজেও-৪৪৩১৯ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | মোহাম্মদ ইউসুফ ভূঞা | ই বেংগল |
| ১৪. | বিজেও-৪৫৫৬৬ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | মোহাম্মদ সিরাজুল ইসলাম | বীর |
| ১৫. | বিজেও-৪৫৪৯০ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | মোঃ ছমেদ আলী | বীর |
| ১৬. | বিজেও-৪৫৭৩৯ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | আব্দুর রউফ গাজী | বীর |
| ১৭. | বিজেও-১৮৯০২ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (করণিক) | মোঃ আরিফুর রহমান | এএসসি |
| ১৮. | বিজেও-২২৭৯৩ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (এসএমটি) | মোঃ তরিকুল ইসলাম | অর্ডন্যান্স |
| ১৯. | বিজেও-২৫৬১০ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (টিএসএ) | মোঃ আতিয়ার রহমান | ইএমই |
| ২০. | বিজেও-২৫৪৪২ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (করণিক) | মোঃ রেজাউল হক সরকার | ইএমই |
| ২১. | বিজেও-৮৬০০২ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (জিডি) | আবদুল আলীম হাওলাদার | সিএমপি |
| ২২. | বিজেও-২০৭৬১ | মাস্টার ওয়ারেন্ট অফিসার (করণিক) | এস এম আবুল কালাম আজাদ | এএমসি |

নং **২৩.০০.০০০০.০১০.৬২.০০৮.২০.৩৪১**—বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত নিম্নবর্ণিত ছকের চতুর্থ কলামে বর্ণিত ০৭ (সাত) জন অনারারি লেফটেন্যান্টকে ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ থেকে বাংলাদেশ সেনাবাহিনীর অনারারি ক্যাপ্টেন পদে অনারারি কমিশন প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | পদবি | নাম | কোর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিজেও-১৩২১৯ | অনারারি লেফটেন্যান্ট (গানার) | মোঃ আব্দুল করিম | আর্টিলারি |
| ২. | বিজেও-৪৩৫৪৯ | অনারারি লেফটেন্যান্ট (জিডি) | মোঃ আবদুল কাদের মিঞা | ই বেংগল |
| ৩. | বিজেও-৪৩৬৭৯ | অনারারি লেফটেন্যান্ট (জিডি) | মোঃ জামাল উদ্দিন | ই বেংগল |
| ৪. | বিজেও-১৮৮৫১ | অনারারি লেফটেন্যান্ট (এসএমএস) | মোঃ জামাল উদ্দিন | এএসসি |
| ৫. | বিজেও-২৫৬০৭ | অনারারি লেফটেন্যান্ট (জিডি) | মোঃ জাকারিয়া | ইএমই |
| ৬. | বিজেও-২৬৭৭৪ | অনারারি লেফটেন্যান্ট (স্টেনো) | মোঃ এনামুল হক | এসিসি |
| ৭. | বিজেও-৩২১৮১ | অনারারি লেফটেন্যান্ট | শামসুদ্দিন আহমদ | এইসি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৯/০৬ ডিসেম্বর ২০২২

নং **২৩.০০.০০০০.০৬০.৬২.০২৩.২১.৫৮৭**—বাংলাদেশ নৌবাহিনীতে কর্মরত নিম্নবর্ণিত ২৬ (ছাব্বিশ) জন মাষ্টার চিফ পেটি অফিসার (এমসিপিও) পদমর্যাদার জুনিয়র কমিশন্ড অফিসারকে তাঁদের কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ মহান বিজয় দিবস উপলক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ থেকে বাংলাদেশ নৌবাহিনীর অনারারি সাব লেফটেন্যান্ট পদে কমিশন প্রদান করা হলো :

| ক্রমিক | সঃ সংখ্যা | নাম | পদবি |
|---|---|---|---|
| ১। | ৮৬০৪৮৮ | মোহাম্মদ জাহের মিঞা | এমসিপিও(এল) |
| ২। | ৮৬০৬১৩ | মোহাম্মদ মফিজুল ইসলাম | এমসিপিও(ই) |
| ৩। | ৮৭০০১১ | মোহাম্মদ মেহের উল্ল্যা | এমসিপিও(এস) |
| ৪। | ৮৭০৩৫৪ | মোহাম্মদ মিজানুর রহমান | এমসিপিও(ই) |

| ক্রমিক | সঃ সংখ্যা | নাম | পদবি |
|---|---|---|---|
| ৫। | ৮৭০৩৯৩ | মুহাম্মদ শাহ আলম | এমসিপিও(কম) |
| ৬। | ৮৭০০৬৩ | মোহাম্মদ আশরাফ হোসেন সরদার | এমসিপিও(মেড)(আইসিএ) |
| ৭। | ৮৮০০১৫ | মোঃ আব্দুল আলীম | এমসিপিও(ই) |
| ৮। | ৮৮০০৩৩ | মোঃ আবু তাহের | এমসিপিও(এক্স)(জিআই) |
| ৯। | ৮৮০১০৩ | মোহাম্মদ সালাউদ্দিন | এমসিপিও(আর) |
| ১০। | ৮৮০২২৬ | মোহাম্মদ আব্দুল আউয়াল | এমসিপিও(ই), এনইউপি |
| ১১। | ৮৮০২৯১ | মোহাম্মদ নুরুল হুদা | এমসিপিও(এস) |
| ১২। | ৮৮০২৯৯ | মোহাম্মদ রোকন উদ্দিন | এমসিপিও(রেগ) |
| ১৩। | ৮৮০৩৬৯ | মোহাম্মদ ইকবাল হোসেন | এমসিপিও(এক্স)(সিডি-১) |
| ১৪। | ৮৯০০১৯ | মোহাম্মদ মাসুদ রানা | এমসিপিও(এক্স)(এফসি-১) |
| ১৫। | ৮৯০২০৮ | মোহাম্মদ মতিয়ার রহমান | এমসিপিও(ক্যাট) |
| ১৬। | ৮৯০৪০০ | মোহাম্মদ আব্দুল মালেক | এমসিপিও(এক্স)(এফসি-১), এনইউপি, বিসিজিএমএস |
| ১৭। | ৯০০১৪৫ | মোহাম্মদ মহিউদ্দিন | এমসিপিও(এক্স)(জিআই) |
| ১৮। | ৯০০১৯৯ | মোহাম্মদ সাদেকুল আরেফিন | এমসিপিও(এক্স)(কিউএ-১) |
| ১৯। | ৯০০২০৩ | মোহাম্মদ আবুল হাশেম | এমসিপিও(এক্স)(কিউআরপি-১) |
| ২০। | ৯০০৪৫৮ | মুহাম্মদ জয়নাল আবেদীন | এমসিপিও(এক্স)(এসআর-১) |
| ২১। | ৮৭০০১৪ | মোহাম্মদ আবদুল খালেক | এমসিপিও(এক্স)(কিউআরপি-১) |
| ২২। | ৮৯০০৪১ | মীর মোঃ মাহবুবার রহমান | এমসিপিও(এক্স)(পিটি-১) |
| ২৩। | ৯০০০৩৮ | মোহাম্মদ আব্দুল আউয়াল | এমসিপিও(মিউজ) |
| ২৪। | ৯০০২৩৪ | মোহাম্মদ আব্দুছ ছালাম | এমসিপিও(মেড)(আইসিএ) |
| ২৫। | ৯০০৩৮১ | মোহাম্মদ বদিউজ্জামান | এমসিপিও(এল) |
| ২৬। | ৯০০৫৪২ | মোহাম্মদ মিজানুর রহমান | এমসিপিও(এল) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আরিফুর রহমান খান**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.২৩.০০১.২২.১৯৩**—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২২ উপলক্ষ্যে লঘু অপরাধে দণ্ডিত অর্ধেকের বেশি সাজাভোগকৃত কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ১২ (বারো) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছে:

| ক্রমিক নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ০১ | কয়েদি নং-৬৫৭৭/এ মোঃ আঃ মতিন @ মইত্যা চোরা, পিতা-মৃত আইয়ুব আলী, বয়স-৫৬ বছর, জি. আর মামলা নং-১৭৫১/১২ | নোয়াখালী জেলা কারাগার |
| ০২ | কয়েদি নং-৮৬০০/এ মোঃ রাজু @ রাজন, পিতা-মৃত কালু মিয়া @ কানব মিয়া, বয়স-২৮ বছর, জি. আর মামলা নং-১৮৮৭/১৪ | নোয়াখালী জেলা কারাগার |

| ক্রমিক নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ০৩ | কয়েদি নং-৭২৬৬/এ শাহিন, পিতা-আঃ লতিফ চৌকিদার, বয়স-৪৭ বছর, জি. আর মামলা নং-১৪৭/০৪ | মেহেরপুর জেলা কারাগার |
| ০৪ | কয়েদি নং-১৫৩৮/এ মজিবর, পিতা-মৃত বিরাজ খান, বয়স-৪৮ বছর, জি. আর মামলা নং-৬৫/১২ | মানিকগঞ্জ জেলা কারাগার |
| ০৫ | কয়েদি নং-৭২৩৯/এ মোঃ আব্দুল কুদ্দুছ, পিতা-মৃত আব্দুল বারেক, বয়স-৩৬ বছর, জি. আর মামলা নং-১৪২/২২ | ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার |
| ০৬ | কয়েদি নং-৪০০২/এ টিংকু দে, পিতা-বাবলা দে, বয়স-৩০ বছর, জি. আর মামলা নং-৩১৫/১৮ | বান্দরবান জেলা কারাগার |
| ০৭ | কয়েদি নং-৫২০৮/এ মোঃ রোমান মিয়া, পিতা-মৃত আঃ সোবাহান, বয়স-৩৮ বছর, সি. আর মামলা নং-৫১৯/১৭ | হবিগঞ্জ জেলা কারাগার |
| ০৮ | কয়েদি নং-৬৬৮৭/এ মোঃ হানিফ মিয়া, পিতা-মৃত চাঁন মিয়া, বয়স-৭১ বছর, জি. আর মামলা নং-১৮২/০৭ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ০৯ | কয়েদি নং-২৫৯২/এ সুমন দাস, পিতা-কাজল দাস, বয়স-৩৪ বছর, জি. আর মামলা নং-১৮৮/১৫ | বরিশাল কেন্দ্রীয় কারাগার |
| ১০ | মহিলা কয়েদি নং-৩৪/এ মোছাঃ আসমা খাতুন, স্বামী-সৈয়দ আমিনুর রহমান, বয়স-৪০ বছর, অর্থ জারী মামলা নং-১০/১৬ | যশোর কেন্দ্রীয় কারাগার |
| ১১ | কয়েদি নং-৫১৯৯/এ মোঃ রিপন হোসেন, পিতা-মোঃ দ্বীন মোহাম্মদ, বয়স-৩৫ বছর, অর্থ জারী মামলা নং-১৯/২১ | যশোর কেন্দ্রীয় কারাগার |
| ১২ | কয়েদি নং-৪৯০৭/এ মোঃ তুষার হোসেন (শাহিনুর), পিতা-আব্দুর রহমান বিশ্বাস, বয়স-৩০ বছর, সি. আর মামলা নং-০৮/১৮ | যশোর কেন্দ্রীয় কারাগার |

০২। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

০৩। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

০৪। অন্য কোনো কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যকতা না থাকলে তাদেরকে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২২ উপলক্ষ্যে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

---

**শৃঙ্খলা-০১ শাখা**

**আদেশ**

তারিখ : ০৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০০৯.২১-১৬০**—জনাব কে এন এম জিল্লুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা (পিআরএল ভোগরত), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০১/২০২১ এর জবাব, আপীল আবেদন ও দাখিলকৃত দালিলিক তথ্যাদি পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নং-০১/২০২১ এ আরোপিত দণ্ডাদেশ হ্রাসপূর্বক **"বেতন গ্রেডের ০২ (দুই) টি নিম্নতর ধাপে অবনমিতকরণ"** লঘুদণ্ড আরোপ করা হলো। তার দাখিলকৃত শেষ বেতনের প্রত্যয়নপত্র অনুযায়ী ০১ জুলাই ২০২০ তারিখে ৭ম গ্রেডে (টা: ২৯০০০-৬৩৪১০) ৪২,৮৯০/- ধাপে বেতন প্রাপ্ত হয়েছেন। সেমতে ০১ জুলাই ২০২১ খ্রি: তারিখে ৪৫০৪০/- ধাপ থেকে ০২(দুই)টি নিম্নতর ধাপ অবনমিতকরণপূর্বক অর্থাৎ ৪০৮৪০ টাকা বেতন প্রাপ্য হবেন। এ দণ্ড স্থায়ীভাবে কার্যকর হবে এবং তিনি কোনো বকেয়া প্রাপ্ত হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আফরোজা আক্তার রিবা**
সিনিয়র সহকারী সচিব।

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৯/০৭ ডিসেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৬৯৫**—ঢাকা জেলার পল্টন মডেল থানার মামলা নং-৪৬(০৫)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(উ)/ ৮/৯/১০/১১/১২/১৩/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪২৯/০৪ ডিসেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-১৬৪৬**—চট্টগ্রাম জেলার রাউজান থানার মামলা নং-২৬, তারিখঃ ২৮-০৮-২০২২ খ্রিঃ মামলাটির তদন্ত কার্যক্রম পরিচালনার নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-১৬৪৭**—কুমিল্লা জেলার লাকসাম থানার সাধারণ ডায়েরী নং-১২৪৪, তারিখঃ ২৪-০৬-২০২২ খ্রিঃ-এর প্রসিকিউশন দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৯/৩০ নভেম্বর ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-১৬০৩**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-০২, তারিখঃ ০১-০১-২০২২ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১০৩)}-এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১০৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-৭ শাখা**

**শোক বার্তা**

তারিখ : ০৩ পৌষ ১৪২৯/১৮ ডিসেম্বর ২০২২

নং **২৩.০০.০০০০.০৭০.৯৯.০৭২.১১-৩২৭**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার রিজওয়ান রুশদী (বিডি/৯৭০১), জিডি(পি) গত ১৪ নভেম্বর ২০২২ তারিখে মাদক বিরোধী একটি যৌথ অভিযানে সক্রিয় অংশগ্রহণ করেন এবং অভিযানের এক পর্যায়ে তিনি শাহাদতবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার রিজওয়ান রুশদী (বিডি/৯৭০১), জিডি(পি)-এর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাহিদা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ মাঘ ১৪২৯/ ২৬ জানুয়ারি ২০২৩

**নং ০৩.৭৭৬.০১৪.০০.০০.১৬৬.২০১৮(অংশ-১)৩০১**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১৯, তারিখ: ১৯ ডিসেম্বর ২০১৯ এর মাধ্যমে মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় ১০৮.০৫৭০ (একশত আট দশমিক শূন্য পাঁচ সাত শূন্য) একর জমিকে অর্থনৈতিক অঞ্চল হিসেবে হোসেন্দী ইকোনমিক জোন ঘোষণা করা হয়। এ প্রেক্ষিতে, হোসেন্দী ইকোনমিক জোন লিমিটেড-এর অনুকূলে ঘোষিত অর্থনৈতিক অঞ্চলকে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল লাইসেন্স প্রদান করা হয়। হোসেন্দী ইকোনমিক জোন লিঃ এর নিজস্ব মালিকানাধীন ৩৬.৪৯৪১ (ছত্রিশ দশমিক চার নয় চার এক) একর জমি (জমির তফসিলসহ) উক্ত অর্থনৈতিক অঞ্চল-এ অন্তর্ভুক্তির লক্ষ্যে শম্পা রহমান, চেয়ারম্যান, হোসেন্দী ইকোনমিক জোন লিমিটেড, সিটি হাউজ, প্লট নং-এন ডাবলিও (জে) ০৬, রোড নং-৫১ গুলশান-২, ঢাকা-১২১২, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) ও ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তফসিলভুক্ত হোসেন্দী ইকোনমিক জোন লিমিটেড-এর মালিকানাধীন ৩৬.৪৯৪১ একর জমি উক্ত অর্থনৈতিক অঞ্চলে অন্তর্ভুক্ত হলে তদ্বারা ক্ষতিগ্রস্থ হতে পারেন এমন কোন ব্যক্তি অথবা উক্ত জমি কোন আর্থিক প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিনিয়োগ ভবন (৮ম, ৯ম, ১০ম তলা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের/সম্প্রসারণের জন্য অনুমোদিত মাষ্টারপ্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্প কারখানা স্থাপন করা হবে।

এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (ETP) স্থাপন করা হবে।

**তফসিল**

জেলা-মুন্সীগঞ্জ, উপজেলা- গজারিয়া, মৌজা- রঘুর চর, জেএল নং-০৩

আর.এস.খতিয়ান নং: ৩, ৫, ৬,৮, ৯, ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯,২০, ২১,২২, ২৩, ২৪, ,২৬, ২৮, ২৯,৩০, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ,৪৩, ৪৪, ৪৫।

মোট খতিয়ান: ৩৪টি।

আর.এস দাগ নং: ২৬, ২৭, ৩০, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯ ,১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৯।

মোট দাগ: ১০৩টি।

চৌহদ্দি: উত্তরে- হোসেন্দী ইকোনমিক জোন, দক্ষিণে- মেঘনা নদী, পশ্চিমে- মেঘনা নদী, পূর্বে- হোসেন্দী ইকোনমিক জোন

দলিল নং ও তারিখ: ৪৩৬৭-০১/১১/২০১৮, ২৯১৯-৩০/০৬/২০২১, ২৯৭৯-১৮/০৭/২০২১, ২৯৮০-১৮/০৭/২০২১, ৪৭৪৬-০৩/১১/২০২১, ৫৭৪-২৭/০১/২০২১, ২২২৩-০২/০৬/২০২১, ২৭১৯-১৭/০৭/২০১৮, ১৪৫৬-২৩/০৩/২০২২, ১৮২৮- ১৭/০৪/২০২২, ২৯২৬-৩০/০৬/২০২১, ৪৩৫২-০১/১১/২০১৮, ৪৩৬৯-০১/১১/২০১৮, ২৯৮৯-১৮/০৭/২০২১, ২৯৮৮-১৮/০৭/২০২১, ৫৩৬৯-০৬/১২/২০২১, ৪৩৬০-০১/১১/২০১৮, ১৬৯৬-২৫/০৩/২০২১, ৪৯০৫-১০/১১/২০২১, ৪৯১০-১০/১১/২০২১, ৫৩৭১-০৬/১২/২০২১, ৫৩৭০-০৬/১২/২০২১, ১৫৮৯-৩০/০৩/২০২২, ২২২১-০২/০৬/২০২১, ৪৩৬২-০১/১১/২০১৮, ১৮১৬-০৯/০৫/২০১৭, ১৬৯২-২৫/০৩/২০২১, ১৮৪০-১৮/০৪/২০২২, ২৫৪১-০৭/০৭/২০১৯, ২৯২৩-৩০/০৬/২০২১, ১৮১২-০৮/০৫/২০১৯, ১০১৩-১১/০২/২০২১, ২৭৮৬-৩০/০৬/২০২১, ৩৫৪০- ০১/০৯/২০২১, ২৭৮৫-৩০/০৬/২০২১, ২৭৮৬-৩০/০৬/২০২১, ৩৮৯২-১৩/১০/২০০৮, ৪৩৫৯-১/১১/২০১৮, ৪৩৫১- ০১/১১/২০১৮, ৩১৪০-১৬/০৮/২০২১, ২৯২২-৩০/০৬/২০২১, ২৯৯০-১৮/০৭/২০২১, ২৯৮৭-১৮/০৭/২০২১, ২৯৯২- ১৮/০৭/২০২১, ২২৮৯-২৮/০৭/২০২০, ৫৬৯-২৭/০১/২০২১, ২৯৩১-৩০/০৬/২০২১, ২২৩৯-০২/০৬/২০২১, ৪৭৬২-০৩/১১/২০২১, ২২৩৮-০২/০৬/২০২১, ২৭৩১-১২/০৬/২০২২, ২২৯০-২৮/০৭/২০২০, ৩৮৮৮-১৩/১০/২০০৮, ৪৭৫৫-০৩/১১/২০২১, ৪৩৬৮-০১/১১/২০১৮, ২২২০-২৭/০৫/২০২১, ২২২৪-২৭/০৫/২০২১, ৫৬৭-২১/০১/২০২১, ২৯২৭-৩০/০৬/২০২২, ২৯৩০-৩০/০৬/২০২১, ৫৭২-২৭/০১/২০২১, ৫৬৬-২৭/০১/২০২১, ৫৭১-২৭/০১/২০২১, ২৯২০-৩০/০৬/২০২১, ২৯২১-৩০/০৬/২০২১, ২৯৩২-৩০/০৬/২০২১, ৩১৪২- ১৭/০৮/২০২১, ৩১৪৩-১৭/০৮/২০২১, ১৪৩৫-২৩/০৩/২০২২, ১৫৯৯-৩০/০৩/২০২২, ২৯৯৩-১৮/০৭/২০২১, ৩১৪৪-১৭/০৮/২০২১, ৩১৪৮-১৭/০৮/২০২১, ২৯৮১-১৮/০৭/২০২১, ২৯৬৪-১৮/০৭/২০২১, ৩১৪১-১৭/০৮/২০২১, ২৯২৫-৩০/০৬/২০২১, ৩৫৪১-০১/০৯/২০২১, ৩৫৩৬-০১/০৯/২০২১, ৩৪০৩-২৪/০৯/২০২০, ৩৩৮৭-২৪/০৯/২০২০, ৩৫৪২-০১/০৯/২০২১, ৭৯৮-১৮/০২/২০১০, ১০১০-১৭/০২/২০২১, ১৯৬০-২১/০৫/২০১৯, ১৮১০-১৩/০৫/২০১৯, ১৬৯৫-২৫/০৩/২০২১, ২৯৮৬-১৮/০৭/২০২১, ৩১৪৭-১৭/০৮/২০২১, ৩১৪৫-১৭/০৮/২০২১, ১৫৮৫-৩০/০৩/২০২২, ২৭৩৫-১২/০৬/২০২২, ১৬৭২-২৪/০৩/২০২১, ৫৭০-২৭/০১/২০২১, ২৯২৯-৩০/০৬/২০২১, ৩১৩৯- ১৭/০৮/২১, ৪৫০১-০৪/১১/২০১৯, ৩১৪৯-১৭/০৮/২০২১, ১৫৯২-৩০/০৩/২০২২, ১৮১৫-০৯/০৫/২০১৭, ২২৯-২০/০১/২০১৯, ৫১১৪-২০/১২/২০২০, ৫৬৩-২৭/০১/২০২১, ১৪৬৮-২৪/০৩/২০২২, ৩৮৯১-১৩/১০/২০০৮, ৪৩৬৭-০১/১১/২০১৮, ১৮৬৮-০৮/০৫/২০১৯, ৩৩৬৪-২৪/০৯/২০২০, ৩৩৬৬-২৪/০৯/২০২০, ২৭৩৬-১২/০৬/২০২২।

মোট জমির পরিমাণ: ৩৬.৪৯৪১ (ছত্রিশ দশমিক চার নয় চার এক) একর।

**মো: খুরশীদ আলম পাটওয়ারী**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ০৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/১৯ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৩৩.০৫-৩৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে বিল্লাল হোসাইন, জন্ম তারিখ: ০১-০২-১৯৮৯ খ্রি., পিতা-মোঃ ইব্রাহিম বেপারী, মাতা-আয়শা বেগম, গ্রাম-কাজীকান্দা, ওয়ার্ড নং-০৪, ডাকঘর-রাজবাড়ী, উপজেলা-রাজবাড়ী সদর, জেলা-রাজবাড়ী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার রাজবাড়ী পৌরসভার ০৩ ও ০৪ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত নবসৃজিত অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৩৩.০৫-৩৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোহাম্মদ সিয়াম হুসাইন, জন্ম তারিখঃ ৩০-০৯-১৯৭৮ খ্রি., পিতা-মোহাম্মদ কাসেম আলী, মাতা-শাহানুর বেগম, গ্রাম-বিনোদপুর কলেজপাড়া, ওয়ার্ড নং-০৮, ডাকঘর-রাজবাড়ী, উপজেলা-রাজবাড়ী সদর, জেলা-রাজবাড়ী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজবাড়ী জেলার রাজবাড়ী পৌরসভার ০৭ ও ০৮ নং ওয়ার্ডের সমন্বয়ে গঠিত নবসৃজিত অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবেঃ

তবে শর্ত থকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।